



2018 জনসভা ও শুনানি

বৃহস্পতিবার, 31শে মে, 2018 1PM-তে

Pratt Institute, 144 West 14th Street, Room 213, New York, NY 10011

জনসভার বিজ্ঞপ্তি

সিটির চার্টার রিভিশন কমিশন (Charter Revision Commission), বৃহস্পতিবার, 31শে মে, 2018 একটি জনসভার আয়োজন করবে। কমিশন জনসাধারণের দ্বারা উত্থাপিত মূল বিষয়গুলি চিহ্নিত করবে যেগুলিকে আরও বেশী অধ্যয়ন করা দরকার হতে পারে। সভাটি Pratt Institute, 144 West 14th Street, Room 213, New York, NY 10011 -তে অনুষ্ঠিত হবে। এই সভাটি জনসাধারণের জন্য উন্মুক্ত। যেহেতু এটি একটি সর্বজনীন সভা, কোনো জনশুনানি নয়, জনগণের কাছে কমিশনের আলোচনা শোনার সুযোগ থাকবে, কিন্তু সেখানে সাক্ষ্য নেওয়া হবে না।

যদি আমার সভায় অংশগ্রহণ করতে সহায়তার প্রয়োজন হয় তাহলে কি হবে? এই স্থানটি হইলচেয়ার বা অন্য হাঁটা-চলা করার যন্ত্র ব্যবহারকারী ব্যক্তিদের জন্য প্রবেশযোগ্য। ইনডাকশন লুপ সিস্টেম এবং ASL দোভাষী পাওয়া যাবে। উপরন্তু, অগ্রিম নোটিশ দিয়ে, উপস্থিত জনসাধারণ দোভাষীর অনুরোধ জানাতে পারেন। অনুগ্রহ করে কমিশনকে request@charter.nyc.gov এ ইমেল পাঠিয়ে বা 212-386-5350 নম্বরে ফোন করে শুক্রবার, 25 শে মে, 2018 এর আগে, সন্ধ্যা 5 টার মধ্যে ভাষা অনুবাদের অনুরোধ বা অতিরিক্ত প্রবেশযোগ্যতার অনুরোধ করুন।

এই সভার লাইভ-স্ট্রিম ভিডিও nyc.gov/charter-তে পাওয়া যাবে

অন্যান্য প্রায়শঃ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

NYC চার্টার রিভিশন কমিশন কি?

নিউইয়র্ক সিটির একটি চার্টার আছে যা আমাদের শহরের সরকারের গঠন, ক্ষমতা এবং দায়িত্বগুলিকে নির্ধারণ করে। চার্টার রিভিশন কমিশনের কাজ হল শহরের চার্টার পর্যালোচনা এবং এটি উন্নত করার উপায় আছে কিনা তা বিবেচনা করা।

কীভাবে চার্টার পরিবর্তন করা যেতে পারে সেই সম্পর্কে আমি কি আমার ধারণাগুলি ভাগ করে নিতে পারি?

অবশ্যই! জনসাধারণের মতামত প্রক্রিয়াটির জন্য গুরুত্বপূর্ণ এবং আমরা আপনার কাছ থেকে শুনতে চাই। চার্টার কীভাবে উন্নত করা যেতে পারে তা নিয়ে প্রত্যেকেরই কমিশনের সাথে ধারণাগুলি ভাগ করার সুযোগ রয়েছে। আপনার ধারণাগুলি ভাগ করার বিভিন্ন উপায় রয়েছে:

1. জুলাই, 2018 তে প্রতি বরোতে কমিশন জন শুনানির আয়োজন করছে। আপনি শুনানিতে অংশগ্রহণ করতে পারেন এবং মৌখিক এবং / অথবা লিখিত সাক্ষ্য দিতে পারেন।

2. ততক্ষণ পর্যন্ত অপেক্ষা করতে চান না? আপনি আপনার মতামতগুলি comments@charter.nyc.gov অথবা অনলাইনে nyc.gov/charter এ পেশ করতে পারেন।

আমার কি বলা উচিত?

চার্টার রিভিশন কমিশন আমাদের সরকারের পরিচালন এবং দক্ষতা কিভাবে উন্নত করণ যেতে পারে তা শুনতে চায়। আমরা সিটি নির্বাচনগুলির উন্নতি সাধন করতে এবং জনসাধারণকে ভোট দেয়ার জন্য এবং নাগরিক জীবনে অংশগ্রহণের জন্য এটিকে আরো সহজ করে তুলতেও আগ্রহী। আমরা আশা এই লক্ষ্যগুলি কীভাবে পূরণ করা যেতে পারে সে সম্পর্কে আপনার চিন্তা-ভাবনাগুলি এবং সেই সঙ্গে চার্টারকে উন্নত করতে আপনার আরো কোনও ভাবনা থাকলে তা আমাদের সাথে ভাগ করবেন।

কিভাবে আমার সাক্ষ্য ব্যবহার করা হবে?

চার্টারের সম্ভাব্য পরিবর্তনগুলি চিহ্নিত করার জন্য কমিশন সাক্ষ্য ও সার্বজনীন মন্তব্যগুলি সাবধানে পর্যালোচনা করবে। সংশোধনীগুলি চূড়ান্তভাবে নভেম্বর 2018 তে জনসাধারণের ভোটদানের জন্য ব্যালটে রাখা হতে পারে।

নিউ ইয়র্ক সিটি চার্টার পড়ুন এখানে: <https://bit.ly/2bJbUKu>

কমিশনকে টুইটরে @NYCCharter অথবা ফেসবুকে [facebook.com/nyccharter](https://www.facebook.com/nyccharter) ফলো করুন।